

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
(সচিবের দপ্তর)  
৯১, মতিবিল বা/এ, ঢাকা-১০০০  
[www.moind.gov.bd](http://www.moind.gov.bd)

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮-

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬  
২২ অক্টোবর ২০১৯

#### বিষয়ঃ শিল্প সচিব মহোদয়ের নির্দেশনা।

গত ২৭-০৯-২০১৯ তারিখ শুক্রবার রাত ৮:০০টায় চট্টগ্রামস্থ সিইউএফএল'র সম্মেলন কক্ষে শিল্প সচিব জনাব মোঃ আবদুল হালিম এর সভাপতিতে অনুষ্ঠিত সভায় বিসিআইসি'র চেয়ারম্যান জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম-সহ সিসিসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সিসিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

#### ২.০। সিসিসি'র প্রতি সচিব মহোদয়ের নির্দেশনা

২.১। পূর্ববর্তী পরিদর্শনে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়িত হয়নি। নির্দেশনা বাস্তবায়ন অব্যাহত থাকবে;

২.২। সিসিসি বোর্ডে গৃহীত সিদ্ধান্ত এবং পরবর্তীতে বিসিআইসি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী দৈনিক ৮০ অথবা ১২০ মেটন কস্টিক (ক্লোরো এলক্যালি) উৎপাদন ক্ষমতা সম্পর্কে নতুন কারখানা স্থাপনের কার্যকর ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করতে হবে। বৃহৎ এই উদ্যোগটি বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট সময়াবধি কর্ম পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী কাজ করতে হবে;

২.৩। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সিসিসি পুণঃ চালুকরণে ত্রুটিপূর্ণ পদক্ষেপের কারণে এখন নতুনভাবে চিন্তা করতে হচ্ছে। নতুন উদ্যোগে যাতে কোন ত্রুটি না থাকে সে বিষয়ে সিসিসি কর্তৃপক্ষ এবং বিসিআইসি কর্তৃপক্ষকে সতর্ক থাকতে হবে;

২.৪। ক্লোরো এলক্যালি প্ল্যান্ট স্থাপনের সাথে এর সহযোগী পণ্য উৎপাদনের প্রয়োজনে সহযোগী প্ল্যান্ট স্থাপনের প্রয়োজন হলে তার SWOT Analysis, বাজার জরিপসহ Techno-Economic Feasibility Study স্বল্পতম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

২.৫। বেসরকারি প্রতিষ্ঠানসমূহ তাঁদের ক্লোরো এলক্যালি প্ল্যান্ট থেকে উৎপাদিত ক্লোরিন ও ক্লোরিন দ্বারা উৎপাদিত পণ্য যেমন, হাইড্রোক্লোরিক এসিড, লিচিং পাউডার কিভাবে বাজারজাত করছে তার বাস্তব অভিজ্ঞতা প্ল্যান্ট স্থাপনের পূর্বেই অর্জন করতে হবে ;

২.৬। সিসিসি'র আমদানিকৃত ইভান্ট্রিয়াল সল্ট ও কুইক লাইম দ্রুত বিক্রয় করে ফেলতে হবে;

২.৭। নতুন প্ল্যান্ট চালু না হওয়া পর্যন্ত স্বল্পতম কর্মী নিয়োজিত রাখতে হবে।

#### ৩.০। বাস্তবায়নে-

ক) অতিরিক্ত সচিব (স্বস, আস, মীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা

খ) চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা

গ) পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা

ঘ) ব্যবস্থাপনা পরিচালক, সিসিসি, চট্টগ্রাম

৪.০। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে মাসিক ভিত্তিতে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নথি

চাপ্টচিত  
২২-১০-২০১৯

(প্রতুল কুমার সাহা)

উপসচিব

শিল্প মন্ত্রণালয়

ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩

ই-মেইল: [pratul.saha1@gmail.com](mailto:pratul.saha1@gmail.com)

চলমান পাতা

স্মারক নং-৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ৩১৯/৭

তারিখ : ০৬ কার্তিক ১৪২৬  
২২ অক্টোবর ২০১৯

বিতরণ- সদয় অবগতি ও কার্যার্থে (জ্যষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (স্বস, আস, নীতি, বিএসএফআইসি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন অনুসরণের অনুরোধসহ)
- ২। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৪। পরিচালক (সকল), বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, সিসিসি, চট্টগ্রাম

৩১৯/৭/১৪২৬  
২২/১০/২০১৯

উপসচিব  
শিল্প মন্ত্রণালয়